

# সুবিধা বাড়ায় পাখাশিল্পে

## আশার আলো

স্টাফ রিপোর্টার : কম নামের পাখা মানেই বাজে পাখা, এটা ঠিক নয়। কম নামেও ভাল পাখা পাওয়া সম্ভব। সোমবার এ কথা বললেন পাখা প্রস্তুতকারক সংগঠনের (আইএফএমএ) কর্তারা। পাখাপাখি জ্ঞান, চিনের সঙ্গে পাখা দিতে না পারার জন্যই দেশের পাখা শিল্প সমস্যায়। তবে ধীরে ধীরে সমস্যা কাটায় রফতানি এ বছর বিগুণ হওয়ার সম্ভাবনা রয়েছে। আইএফএমএ-র বার্ষিক সম্মেলনে সভাপতি নির্বাচিত হয়েছেন শেখর বাজাজ। তিনি বলেন, দেশে বছরে ৪ কোটি পাখা তৈরি হয়। রফতানি হয় ১৭ লক্ষ পাখা। ভারতীয় সংস্থাগুলির মূল বাজার মধ্য এশিয়া ও আফ্রিকার দেশগুলি। কর্তারা এই রফতানি বিগুণ বেড়ে ৩৪ লক্ষ হওয়ার আশা করছে এ বছর। সংস্থার কর্তা রোহিত মাধুর বলেন, অধিকাংশ সংস্থা বর্তমানে চীনে পাখা তৈরি করে এ দেশে বিক্রি করছে। কারণ চীনে ব্যবসা ক্ষেত্রে অনেক বেশি সুবিধা পাওয়া যায়। তবে এখন দেশেও সুযোগ-সুবিধা বেড়ে যাওয়ার পাখা তৈরির সম্ভাবনা বাড়ছে। সংগঠনের অপর কর্তা তাপস গঙ্গোপাধ্যায় বলেন, ১০-১২ বছর আগে পাখা তৈরি হত মূলত অসংগঠিত শিল্পক্ষেত্রে। এখন সেই বাজার চলে গিয়েছে সংগঠিত ক্ষেত্রে।